

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
“কৃষিভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০।


প্রেস বিজ্ঞপ্তি

চলতি মৌসুমে বিএডিসি ৬০,৯৯১ মে:টন বোরো ধান বীজ বিতরণ শুরু করেছে

চলতি ২০১৪-১৫ উৎপাদন বর্ষে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সারা দেশে কৃষক পর্যায়ে ৬০,৯৯১ মে:টন বোরো ধান বীজ বিতরণ কার্যক্রম শুরু করেছে। এর মধ্যে ভিত্তি (Foundation) শ্রেণির ২৭০৪.০৯৪ মে:টন, প্রত্যায়িত (Certified) শ্রেণির ৫৯৬৮.৮৭৪ মে:টন ও হাইব্রিডসহ মানঘোষিত (Truthfully leveled seed) শ্রেণির ৫২৩১৮.৯৬২ মে:টন বোরো ধান বীজ রয়েছে। “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে আঞ্চলিক বীজ বিক্রয় কেন্দ্র, জেলা ট্রানজিট বীজ বিক্রয় কেন্দ্র, বীজ ডিলার এবং জেলা/উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র হতে কৃষকদের মাঝে বীজ বিক্রয় করা হচ্ছে।

ইতোমধ্যেই ২০টি অঞ্চলের ৬৪টি জেলায় বোরো ধান বীজ বরাদ্দ দেয়া হয়েছে।

কৃষকগণ যাতে সহজে, সঠিক সময়ে ও সংস্থার নির্ধারিত দরে বীজ পেতে পারে তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে।


(শিমুল বিকাশ দাশ)
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ)
বিএডিসি, ঢাকা